

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
পদত্যাগের ঘোষণা  
উপাচার্যের, পরে  
প্রত্যাহার

ইফতেখার মাহমুদ ও শামসুজ্জামান ●

পদত্যাগের সিদ্ধান্তের সাত ঘণ্টা পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আনোয়ার হোসেন। গতকাল বুধবার রাতে প্রধানমন্ত্রীর পক্ষে শিক্ষামন্ত্রীর দাবির পরিপ্রেক্ষিতে তিনি পদত্যাগের সিদ্ধান্ত থেকে সরে আসেন। এর আগে বিকেল চারটায় সিনেট উপাচার্যের পদত্যাগের ঘোষণায় উত্তর হয়ে ওঠে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। গত মঙ্গলবার রাতে উপাচার্যের বাসভবনসহ শিক্ষকদের বাসভবন ও প্রশাসনিক ভবন জাঙ্গুরের ঘটনাকে কেন্দ্র করে এই পরিষ্কৃতি তৈরি হয়।

জানাতে চাইলে মো. আনোয়ার হোসেন প্রথম আলোকে বলেন, বিশৃঙ্খলসংখ্যক শিক্ষক-শিক্ষার্থী পদত্যাগের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার দাবি জানান। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও শিক্ষাসচিব কামাল আবদুল নাসের তৌফুদী টেলিফোনে এরপর পৃষ্ঠা ৬ কলাম ২

পদত্যাগের ঘোষণা উপাচার্যের, পরে প্রত্যাহার

প্রথম পৃষ্ঠার পর

আমাকে পদত্যাগের সিদ্ধান্ত প্রত্যাহারের অনুরোধ করেন। তাঁদের এই আহ্বান ও অনুভূতি দেখে আমি অতিকৃত। তাই পদত্যাগের সিদ্ধান্ত থেকে সরে এসেছি। কাল (আজ বুধস্পতিবার) শিক্ক সমিতির সঙ্গে কথা বলব। বিশ্ববিদ্যালয়ের উত্তর পরিষ্কৃতি মোকাবেলায় সম্মিলিতভাবে কাজ করব।

দেশব্যাপী শিবিরের সন্ত্রাসী উপরত্বের অংশ হিসেবে মঙ্গলবারের জাঙ্গুরের ঘটনা ঘটেছে বলে মনে করছেন উপাচার্য। অন্যদিকে বিশ্ববিদ্যালয় শিক্ক সমিতি জাঙ্গুরের ঘটনা উপাচার্যের প্রশাসনিক ব্যর্থতা হিসেবে উল্লেখ করে তাঁর পদত্যাগ দাবি করে। তবে পদত্যাগের সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবিতে বাংলাদেশ ছাত্রলীগসহ কয়েকটি বাম সংগঠন ও সাধারণ শিক্ষার্থীরা উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান নেন। এ সময় শিক্কদের একাংশ ও প্রশাসনের শীর্ষস্থানীয় কর্মকর্তারাও সেখানে ছিলেন। শিক্ষার্থীরা জানান, উপাচার্য পদত্যাগের সিদ্ধান্ত পরিবর্তন না করা পর্যন্ত তাঁরা অবস্থান অব্যাহত রাখবেন। প্রয়োজনে তাঁরা জাগরণ মঞ্চ তৈরি করে দাঙ্গাতার শিবিরবিরোধী আন্দোলন চালিয়ে যাবেন। রাত ১১টার দিকে উপাচার্যের পদত্যাগের ঘোষণা প্রত্যাহারের পর তাঁরা সেখান থেকে সরে যান।

শিক্ক সমিতির সভাপতি অজিত কুমার মজুমদার প্রথম আলোকে বলেন, শিক্ক সমিতির জরুরি সাধারণ সভায় সদস্যদের সম্মিলিত দাবির পরিপ্রেক্ষিতে উপাচার্যের পদত্যাগ চাওয়া হয়।

এই হামলার সঙ্গে ছাত্রলীগের একাংশ জড়িত বলে মনে করছে শিক্কদের একাংশ। সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, জুবারের হত্যাকাণ্ড ও বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে ছাত্রলীগের কিছু সন্ত্রাসী শিক্ষার্থী যুক্ত ছিলেন। তাঁদের সঠিক বিচার হয়নি, তাঁরাই এই জাঙ্গুরের ঘটনার সঙ্গে জড়িত থাকতে পারেন।

জাঙ্গুরের বিষয়ে উপাচার্য প্রথম আলোকে বলেন, এই জাঙ্গুরের ঘটনা কোনো সাধারণ ছাত্রের কাজ নয়। জাহাঙ্গীরনগরে শিবিরের রাজনীতি নিষিদ্ধ থাকলেও তারা গোপনে কাজ করছে। এটা শিক্ক সমিতির নেতারা অনুধাবন করতে ব্যর্থ হচ্ছন।

সড়ক অবরোধ: উপাচার্যের পদত্যাগের সিদ্ধান্ত অযৌক্তিক আখ্যায়িত করে বিকেল পাঁচটা থেকে সাড়ে পাঁচটা পর্যন্ত ছাত্রলীগের অর্ধশতাধিক নেতা-কর্মী ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন। পরে তাঁরা ক্যাম্পাসে বিকোড মিছিল করে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেন।

কেন জাঙ্গুর: মঙ্গলবার রাতে মওলানা ভাসানী হলের শিক্ষার্থী আবদুল মালেক অসুস্থ হয়ে পড়লে তাঁকে সাভারের একটি হাসপাতালে পাঠানো হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসকেরা তাঁকে সূত ঘোষণা করেন। ওই ঘটনায় যথাসময়ে অ্যাম্বুলেন্স পাওয়া যায়নি অভিযোগ করে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্র, উপাচার্যের বাসভবনসহ বিভিন্ন ভবনে জাঙ্গুর করা হয়। এ সময়

বিভিন্ন সড়কের ব্যক্তি জাঙ্গুর করে অসুস্থতার পরিষ্কৃতি তৈরি করা হয়। এ ছাড়া মূল ঘটকে যুক্তাপরাধীদের প্রতীকী কাপড় মঞ্চ জাঙ্গুর করা হয়। উপাচার্যের রাগার কক্ষের বাতাস নির্গমন পাখাটি খুলে বাসভবনে ঢুকেও জাঙ্গুর করা হয়।

তদন্ত কমিটি: ঘটনার সময় উপাচার্য পাবনায় থাকলেও তাঁর স্ত্রীসহ পরিবারের সদস্যরা বাসভবনেই ছিলেন। এ ঘটনায় গতকাল সকাল নয়টায় উত্তর পরিষ্কৃতি নিয়ে জরুরি সিসিটেক সভা করা হয়। সভায় সহ-উপাচার্য ফয়হাদ হোসেনকে প্রধান করে আট সদস্যের তদন্ত কমিটি গঠন করে প্রশাসন। এ ছাড়া ফেলা ডিনায় সাংগঠিক পরিষ্কৃতি নিয়ে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে বিশ্ববিদ্যালয়ে কর্মরত গণমাধ্যমকর্মী, বিভিন্ন রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতা-কর্মীদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় উপাচার্য জাঙ্গুরের বিভিন্ন দিক তুলে ধরেন। সভা চলাকালে শিক্ক সমিতির নেতারা তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে এসেছেন যেনে তিনি সভা কিছু সময়ের জন্য বিরতি দিয়ে তাঁর কার্যালয়ে যান। তিরে এসে তিনি সভায় উপস্থিত সবাইকে শিক্ক সমিতির দাবির বিষয়টি জানিয়ে পদত্যাগের ঘোষণা দেন।

আন্দোলনের মুখে মাঝে মাঝে উপাচার্য শরীফ এনামুল কবিরের পদত্যাগের পর গত বছরের ১৭ মে উপাচার্যের দায়িত্ব নেন অধ্যাপক আনোয়ার হোসেন। একই বছরের ২৪ জুলাই নির্বাচিত উপাচার্য হিসেবে দায়িত্ব নেন তিনি।